

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	সৈয়দ বেলাল হোসেন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

**১.১ আলোচনা:** সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে (সভার কার্যবিবরণী সংযুক্ত)। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপ:

(ক) নাগরিক সেবার মূল্য পরিশোধ পদ্ধতিতে প্রচলিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের পাশাপাশি ই-চালান পদ্ধতি চালু করা এবং তা বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ নেয়া;

(খ) “মৃত্যুজনিত কারণে গৃহনির্মাণ অগ্রিমের অপরিশোধিত আসল ও সুদ মওকুফ” সেবাটির প্রয়োজনীয় কাগজপত্র হিসেবে শোকবার্তার ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ/সিটি করপোরেশন/পৌরসভা/সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃক মৃত্যু সনদ নেয়া থাকলে এবং অর্থ মন্ত্রণালয়ের কোনো বাধ্যবাধকতা না থাকলে সেবাটি পেতে শোকবার্তার শর্ত ঐচ্ছিক হিসাবে রাখা;

(গ) এসিড সংক্রান্ত বিভিন্ন নাগরিক সেবার মূল্য পরিশোধ বাবদ পে-অর্ডার ও ট্রেজারি চালানোর পরিসংখ্যান বার্ষিক ভিত্তিতে আইন-২ শাখা কর্তৃক প্রস্তুত করা;

(ঘ) এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীণ সেবার ৪৪ হতে ৪৭ নম্বর সেবাসমূহ শৃংখলা-১ ও শৃংখলা-২ শাখার জন্য একত্রে সন্নিবেশিত করা;

(ঙ) এ বিভাগের সাথে সেবা প্রদান প্রতিশ্রুতির সংশ্লিষ্ট সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বদলি/পদায়ন জনিত কারণে সেবা প্রদান প্রতিশ্রুতির সংশ্লিষ্ট সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মেইলের তথ্য যত দূর সম্ভব আইসিটি সেল কর্তৃক হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করা;

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে (ক) থেকে (ঘ) সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়।

বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।


### ১.২ সিদ্ধান্ত:

(ক) আইন-২ শাখায় প্রাপ্ত এসিড সংক্রান্ত বিভিন্ন নাগরিক সেবার মূল্য পরিশোধ বাবদ পে-অর্ডার ও ট্রেজারি চালানের বিগত তিন মাসের (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) পরিসংখ্যান সংগ্রহ করা এবং সেখান থেকে দৈবচয়ন পদ্ধতিতে ৫ টি পে-অর্ডার/ট্রেজারি চালানের কার্যক্রম পরিবীক্ষণ করা।

(খ) বিগত তিন মাসে (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) “মৃত্যুজনিত কারণে গৃহনির্মাণ অগ্রিমের অপরিশোধিত আসল ও সুদ মওকুফ” সেবার পরিপ্রেক্ষিতে কোনো আবেদন থাকলে ঐ সেবাটির বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্র সঠিক আছে কিনা এবং সংশ্লিষ্ট শাখা কর্তৃক সেবাটি সময়মত প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করা।

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীণ সেবার ৪৪ হতে ৪৭ নম্বর সেবাসমূহ শৃংখলা-১ ও শৃংখলা-২ শাখার জন্য একত্রে সন্নিবেশিত করার কার্যক্রম পরিবীক্ষণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২১১

তারিখ: ৬ পৌষ ১৪২৮  
২১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আইয়ুব হোসেন  
প্রোগ্রামার